গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

**ঢাকা, বৃহস্পতিবার ৩০ জুলাই ২০১৫, ১৫ শ্রাবণ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সজাগ থাকুন, যাতে জঙ্গিরা শিক্ষার্থীদের ব্যবহার না করতে পারে
: সিটি ভার্সিটির সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতি

২। নদী ও খালের প্রবাহ বাধাগ্রস্ত করলে কঠোর ব্যবস্থা
: মৎস্য সপ্তাহের উদ্বোধনকালে প্রধানমন্ত্রী

৩। মাতৃত্বকালীন ছুটি নিশ্চিত করতে হবে সব প্রতিষ্ঠানে : স্বাস্থ্য প্রতিমন্ত্রী

৪। অর্থনৈতিক উন্নয়নে এসএমইকে বেশি গুরুত্ব দেওয়ার তাগিদ

৫। ধেয়ে আসছে ঘূর্ণিঝড় ‘কোমেন’, উপকূলে ৭ নম্বর বিপদ সঙ্কেত

৬। আপিলে সালাহউদ্দিন কাদের চৌধুরীর ফাঁসি বহাল

৭। মিয়ানমার থেকে ১৫৯ বাংলাদেশি আসছে আজ

৮। দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় শোক দিবস পালনের নির্দেশ

৯। বাঘ রক্ষায় বনাঞ্চল উজাড় ঠেকাতে হবে : বিশ্ব বাঘ দিবস পালন

১০। মধ্য আয়ের সুফলে বাধা বাল্যবিয়ে শিশুশ্রম ও বিদ্যালয় বহির্ভূত শিশু
: পলিসি ব্রিফ প্রকাশনা অনুষ্ঠানে বক্তারা

চলমান পাতা/২

১। সজাগ থাকুন, যাতে জঙ্গিরা শিক্ষার্থীদের ব্যবহার না করতে পারে
: সিটি ভার্সিটির সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতি

জঙ্গি, মৌলবাদী ও স্বাধীনতাবিরোধী শক্তিগুলো সমাজে বিশৃঙ্খলা করার জন্য ছাত্রছাত্রীদের যেন ব্যবহার করতে না পারে সে বিষয়ে সতর্ক থাকার জন্য রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ, শিক্ষক ও অভিভাবকদের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল ২৯ জুলাই বুধবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বেসরকারি সিটি ইউনিভার্সিটির দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে এই আহ্বান জানান তিনি। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৪), সমকাল (পৃ.৩,ক.৪), নিউজ টুডে (পৃ.২,ক.২), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.৬)।

২। নদী ও খালের প্রবাহ বাধাগ্রস্ত করলে কঠোর ব্যবস্থা : মৎস্য সপ্তাহের উদ্বোধনকালে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা নদী, খাল ও অন্যান্য প্রাকৃতিক জলাশয়ের স্বাভাবিক প্রবাহ বাধাগ্রস্ত করে মৎস্য চাষের বিরুদ্ধে কড়া হুঁশিয়ারি উচ্চারণ করে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, কিছু ব্যক্তি সুন্দরবনসহ দেশের বিভিন্ন স্থানে নদী, খাল ও অন্যান্য প্রাকৃতিক জলাশয়ে অনৈতিকভাবে মাছ চাষ করছে। এটা কোনোভাবেই মেনে নেওয়া যায় না। কোন প্রভাবশালী ব্যক্তিরা আমাদের নদী ও জলাশয়গুলো ধ্বংস করছে, এটা আপনাদের দেখতে হবে এবং তারা যে-ই হোক না কেন তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে। তিনি গতকাল ২৯ জুলাই বুধবার রাজধানীর ফার্মগেটে কৃষিবিদ ইনস্টিটিউশন অডিটরিয়ামে মৎস্য সপ্তাহের আনুষ্ঠানিক উদ্বোধন অনুষ্ঠানে ভাষণকালে এ নির্দেশ দেন। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৬), ইত্তেফাক (পৃ.১,ক.৬), প্রথম আলো (পৃ.২,ক.২), নিউজ টুডে (পৃ.১,ক.৬), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৭)।

৩। মাতৃত্বকালীন ছুটি নিশ্চিত করতে হবে সব প্রতিষ্ঠানে : স্বাস্থ্য প্রতিমন্ত্রী

সকল সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে মাতৃত্বকালীন ছুটি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়েছেন স্বাস্থ্য প্রতিমন্ত্রী জাহিদ মালেক। তিনি বলেন, অনেক প্রতিষ্ঠানে এখনও সঠিকভাবে মাতৃত্বকালীন ছুটি দেওয়া হচ্ছে না। তাই সকল প্রতিষ্ঠানে বেতন-ভাতাসহ মাতৃত্বকালীন ছুটি নিশ্চিত করতে হবে। একই সঙ্গে সকল প্রতিষ্ঠানে ডে-কেয়ার সেন্টার খোলার আহ্বান জানান প্রতিমন্ত্রী। গতকাল ২৯ জুলাই বুধবার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সেমিনার কক্ষে এক সংবাদ সম্মেলনে তিনি এ আহ্বান জানান। বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ-২০১৫ উপলক্ষে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সূত্র-জনকণ্ঠ (পৃ.৩,ক.৪), ইনকিলাব (পৃ.৩,ক.১)।

৪। অর্থনৈতিক উন্নয়নে এসএমইকে বেশি গুরুত্ব দেওয়ার তাগিদ

ক্ষুদ্র ও মাঝারি শিল্প বা এসএমই খাত দেশের অর্থনৈতিক উন্নয়নে বেশি ভূমিকা রাখতে পারে। এ খাতের মাধ্যমে যত সহজে ও অল্প পুঁজি বিনিয়োগে বেশি কর্মসংস্থান সৃষ্টি করা যায় অন্য কোনো খাতে তা অসম্ভব। তাই এসএমইকে এগিয়ে নিতে সংশ্লিষ্ট সব পক্ষকে প্রয়োজনীয় ভূমিকা রাখতে হবে। বিশেষ করে নতুন উদ্যোক্তা সৃষ্টি ও নারী উদ্যোক্তাদের এ খাতে অংশগ্রহণ আরও বাড়াতে হবে। এসএমই খাতের উদ্যোক্তাদের সার্বিক সহযোগিতার লক্ষ্যে গতকাল ২৯ জুলাই বুধবার রাজধানীর একটি হোটেলে আইএমএসএমই অব বাংলাদেশ নামের নতুন সংগঠনের আত্মপ্রকাশ অনুষ্ঠানে বক্তারা এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১৮,ক.৬), প্রথম আলো (পৃ.১২,ক.১), ইনকিলাব (শেষ পৃ.,ক.২), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.৬), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৫)।

৫। ধেয়ে আসছে ঘূর্ণিঝড় 'কোমেন', উপকূলে ৭ নম্বর বিপদ সঙ্কেত

ধেয়ে আসছে ঘূর্ণিঝড় 'কোমেন'। আজ ৩০ জুলাই বৃহস্পতিবার দুপুর নাগাদ এটি উপকূল অতিক্রম করতে পারে। আবহাওয়া অধিদফতর জানিয়েছে, ইতোমধ্যে চট্টগ্রাম ও কক্সবাজারে ৭ নম্বর বিপদ সঙ্কেত, মংলা ও পায়রাবন্দরে জারি করা হয়েছে ৫ নম্বর বিপদ সঙ্কেত। ঘূর্ণিঝড় কোমেনের প্রভাবে তিন থেকে পাঁচ ফুট জলোচ্ছ্বাসও হতে পারে। গতকাল ২৯ জুলাই বুধবার রাতে আবহাওয়া অধিদফতরের ঘূর্ণিঝড় পূর্বাভাস কেন্দ্রের উপ-পরিচালক শামসুদ্দিন আহমেদ এই তথ্য জানিয়েছেন। ঘূর্ণিঝড় ধেয়ে আসায় উপকূলীয় এলাকায় স্কুল-কলেজ বন্ধ ঘোষণা করা হয়েছে। একই সঙ্গে জনসাধারণকে নিরাপদ স্থানে সরে যাওয়ার জন্য নির্দেশ দিয়েছে স্থানীয় প্রশাসন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৫), ইত্তেফাক (পৃ.১,ক.৮), প্রথম আলো (পৃ.১,ক.৬), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৩), ডেইলি সান (পৃ.১,ক.২)।

৬। আপিলে সালাহউদ্দিন কাদের চৌধুরীর ফাঁসি বহাল

১৯৭১ সালে গণহত্যা, হত্যা, সংখ্যালঘুদের ইসলাম ধর্মে ধর্মান্তরিত করাসহ চারটি অপরাধে দোষী সাব্যস্ত করে বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন কাদের চৌধুরীর ফাঁসির আদেশ বহাল রেখেছে সর্বোচ্চ আদালত সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। গতকাল ২৯ জুলাই বুধবার প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার নেতৃত্বাধীন আপিল বিভাগের চার বিচারপতির বেঞ্চ এই রায় ঘোষণা করেন। সূত্র-ইত্তেফাক, প্রথম আলো, সমকাল, যুগান্তর, জনকণ্ঠ, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, নিউজ টুডেসহ অপরাপর দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৭। মিয়ানমার থেকে ১৫৯ বাংলাদেশি আসছে আজ

আজ ৩০ জুলাই বৃহস্পতিবার মিয়ানমার থেকে ফেরত আসছে আরও ১৫৯ বাংলাদেশি অভিবাসী। এসব

অভিবাসীকে ফেরত দেওয়ার জন্য দু'দেশের মধ্যে যাবতীয় প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। সম্প্রতি মিয়ানমার উপকূল থেকে ৭২৭ অভিবাসীকে উদ্ধার করেছে সে দেশের নৌবাহিনী। সূত্র-সমকাল (পৃ.২,ক.২), ইত্তেফাক (শেষ পৃ.,ক.১)।

৮। দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় শোক দিবস পালনের নির্দেশ

আগামী ১৫ আগস্ট স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪০তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস যথাযথভাবে পালনের জন্য সব শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের এ বিষয়ে যথাযথ পদক্ষেপ নিতে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি) থেকে নির্দেশ দেওয়া হয়েছে। গতকাল ২৯ জুলাই বুধবার শিক্ষা মন্ত্রণালয়ের পাঠানো এক বিজ্ঞপ্তিতে বলা হয়, শিক্ষা মন্ত্রণালয় প্রতিবারের মতো এবারও বিশেষ গুরুত্বের সঙ্গে জাতীয় শোক দিবস পালন করবে। সূত্র-সমকাল (পৃ.১৭,ক.৭), ইত্তেফাক (পৃ.১৯,ক.৩), সমকাল (পৃ.১৭,ক.৭)।

৯। বাঘ রক্ষায় বনাঞ্চল উজাড় ঠেকাতে হবে : বিশ্ব বাঘ দিবস পালন

বাংলাদেশের জাতীয় পশু রয়েল বেঙ্গল টাইগারের অস্তিত্ব সংকট কাটাতে বনাঞ্চল উজাড় হওয়া ঠেকানোর কোনো বিকল্প নেই। সেই সঙ্গে বাঘের খাবারের অভাব দূর করা এবং বাঘ শিকার কঠোর হাতে নিয়ন্ত্রণের বিকল্প নেই বলে মত দিয়েছেন সরকারি কর্মকর্তা ও পরিবেশবিদরা। গতকাল ২৯ জুলাই বুধবার বিশ্ব বাঘ দিবসে আয়োজিত অনুষ্ঠানে এ প্রত্যয় ব্যক্ত করেন সংশ্লিষ্টরা। 'বাঘ বাঁচলে বাঁচবে বন, রক্ষা হবে সুন্দরবন' এই প্রতিপাদ্য নিয়ে গতকাল ২৯ জুলাই বুধবার বাংলাদেশে পালিত হলো বিশ্ব বাঘ দিবস। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৬), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৮), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.৪)।

১০। মধ্য আয়ের সুফলে বাধা বাল্যবিয়ে শিশুশ্রম ও বিদ্যালয় বহির্ভূত শিশু
: পলিসি ব্রিফ প্রকাশনা অনুষ্ঠানে বক্তারা

দেশে বাল্যবিয়ে, শিশুশ্রম এবং বিদ্যালয় বহির্ভূত শিশু সংখ্যা কমানো না গেলে মধ্যম আয়ের দেশ হিসেবে বাংলাদেশ খুব একটা সুফল পাবে না। দেশে ছয় থেকে দশ বছর বয়সী শিশুর মধ্যে ২৩ ভাগ রয়েছে স্কুল শিক্ষার বাইরে। স্কুলে ঝরে পড়াসহ বাল্য বিয়ের হার কমলেও এ হার এখনো উদ্বেগজনক পর্যায়ে রয়েছে। প্রতি বছর বাংলাদেশে তেইশ হাজার 'শিশু মা' সন্তান প্রসব জটিলতায় মারা যাচ্ছে। গতকাল ২৯ জুলাই বুধবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত বাল্যবিয়ে, শিশুশ্রম, স্কুলে ঝরে পড়া বা ড্রপ-আউট শিশু বিষয়ে 'পলিসি ব্রিফ' প্রকাশনা অনুষ্ঠানে বক্তারা এসব কথা বলেন। ইউনিসেফ, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) ও পরিসংখ্যান ব্যুরো এ অনুষ্ঠানের আয়োজন করে। সূত্র-ইত্তেফাক (পৃ.৩, ক.১), সংবাদ (শেষ পৃ.,ক.৩), ইনকিলাব (শেষ পৃ.,ক.৩), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.২), ডেইলি সান (পৃ.১,ক.৩), নিউজ টুডে (শেষ পৃ.,ক.১)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, জনকণ্ঠ, সংবাদ, যুগান্তর, ডেইলি স্টার, ডেইলি অবজারভার : ১৯৭১ সালে গণহত্যা, হত্যা, সংখ্যালঘুদের ইসলাম ধর্মে ধর্মান্তরিত করাসহ চারটি অপরাধে দোষী সাব্যস্ত করে বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন কাদের চৌধুরীর মৃত্যুদণ্ড বহাল থাকার রায়ে ন্যায়বিচার প্রতিষ্ঠিত হয়েছে বলে অভিমত;

খ. ইত্তেফাক : আগামী সেপ্টেম্বরের মধ্যে সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে যাওয়ার নির্দেশ বাস্তবায়ন না হওয়ার আশঙ্কা প্রকাশ করে মন্ত্রণালয় ও ইউজিসির 'সংখ্যা নহে, মান' এই নীতি অনুসরণ শ্রেয় হবে বলে মন্তব্য;

গ. জনকণ্ঠ : স্বাস্থ্য মন্ত্রণালয়ের গণসেবামূলক কর্মসূচি 'হ্যালো ডাক্তার' এর কার্যক্রমে কোনো প্রকার দুর্নীতি বা অসাধুতা যেন না ঘটে সেদিকে সজাগ দৃষ্টি রাখার আহ্বান;

ঘ. সংবাদ, ইনকিলাব : দেশের সড়ক নিরাপত্তা ঝুঁকিতে থাকায় চালকদের লাইসেন্স নবায়নের ক্ষেত্রে আইনের শাসন যথাযথভাবে প্রয়োগের ওপর গুরুত্বারোপ;

ঙ. যুগান্তর : ঢাকা মেডিকেলের জরুরি বিভাগের এক চিকিৎসকের জনপ্রতিনিধির সঙ্গে অশোভন আচরণের পরিপ্রেক্ষিতে অভিযুক্তের বিরুদ্ধে যথোপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

চ. সমকাল : রাজধানীর খিলক্ষেতে কিশোর নাজিম হত্যার অন্যায়ের বিচার হতেই হবে বলে প্রত্যাশা ব্যক্ত;

ছ. ইন্ডিপেনডেন্ট : নারী ও শিশু নির্যাতন দমন আইন সদিচ্ছা নিয়ে প্রণয়ন করা হলেও সমাজের কিছু মানুষ প্রতিপক্ষকে ঘায়েল করার জন্য মিথ্যার আশ্রয় নিয়ে এ আইনের অপব্যবহার করছে উল্লেখ করে এ আইনের কিছু ধারায় সংশোধনী আনা প্রয়োজন বলে মন্তব্য;

জ. ডেইলি স্টার : খানা খন্দে ভরা ঢাকা-চট্টগ্রাম হাইওয়ে সংস্কারে পর্যাপ্ত বরাদ্দ দেওয়া হলেও কেন এ বিষয়ে গাফিলতি করা হচ্ছে তা বের করে জড়িত দুর্নীতিবাজ কর্মকর্তা এবং ঠিকাদারদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

ঝ. ফিনানশিয়াল এক্সপ্রেস, নিউ নেশন : সুন্দরবনে রয়েল বেঙ্গল টাইগারের সংখ্যা আশঙ্কাজনকভাবে কমে যাচ্ছে উল্লেখ করে সুন্দরবন এবং এর জীববৈচিত্র্য রক্ষায় মানুষের হস্তক্ষেপ কমানো, সুন্দরবনের ভেতরে নৌযান চলাচল নিষিদ্ধ করা এবং রামপালে বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের পরিকল্পনা বাদ দেওয়ার পরামর্শ;

ঞ. ডেইলি সান : তামাক সেবন সব ধরনের মাদকের প্রবেশদ্বার উল্লেখ করে মাদক দমন সংস্থাগুলো তামাক চাষের ব্যাপকতা দেখেও নিরাসক্ত ভূমিকা পালন করায় এ ব্যাপারে উদ্বেগ প্রকাশ করে জনগণকে সচেতন হওয়ার পরামর্শ;

ট. নিউজ টুডে : দেশের অর্থনীতিকে বেগবান রাখতে ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী পরিবহণ, জ্বালানি ও বিদ্যুৎ খাতকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে এ খাতের দুর্নীতি ও সিস্টেম লস কমিয়ে আনতে সরকারের প্রতি আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে অনিয়ন্ত্রিত নিরাপত্তাহীন পরিবেশ যেভাবে মনস্তাত্ত্বিক চাপ তৈরি করে, বিপর্যয় সৃষ্টি করে তেমনি নিরাপদ পরিবেশ সন্তানের সুস্থ বিকাশের পথ সহজতর করে দেয় বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত 'রেলের যাত্রীসেবা হোক সর্বজনীন' শিরোনামের নিবন্ধে মলয় ভৌমিক সরকারের ইতিবাচক দৃষ্টিভঙ্গি, সেই সঙ্গে প্রতিবেশী দেশগুলোর সঙ্গে কানেকটিভিটি বাড়ানোর সাম্প্রতিক উদ্যোগের ফলে রেলওয়ের প্রকৃত উন্নয়নের সুযোগ সৃষ্টি হয়েছে বলে অভিমত প্রকাশ করেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা